(৯)	অতি বর্ষণের কারণে মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে ধ্রুসে যাওয়া বিভিন্ন রাস্তা মেরামত কাজ।	১,১২,২৭৬/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	৯২,২২৪/৬০ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল পিসিবি কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত।
(১০)	মিরপুর ডিওএইচএস এর ৬০'-০" রাস্তার আংশিক ধ্রুসে যাওয়া অংশ মেরামত কাজ।	৪,৯৩,৬৪২/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ	৪,০২,৬০০/- টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল পিসিবি কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত।
(১১)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮২ ও ৮৩ নং প্রটের পশ্চিম সীমানায় সীমানা প্রাচীর নির্মাণ।	২,৭৭,৮৭১/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	২,৬৩,৯৭৮/৫৮ টাকা	বোর্ড ফান্ড
(১২)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ এবং ৫ নং রোডের মধ্যবর্তী স্থানে সেনানিবাসের পশ্চিম পার্শ্ব নিরাপত্তা প্রাচীর নির্মাণ।	৬,২৫,০১২/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ	৫,৬৩,৭৬৭/৫৬ টাকা	বোর্ড ফান্ড
(১৩)	কঞ্জারভেন্সী ট্রাক ওয়াসের জন্য অফিস গ্যারেজে জিআই পাইপ দ্বারা পানির লাইন স্থাপন কাজ।	২২,৮৪৫/- টাকা	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	২৫,১১২/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১৪)	ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বাসভবনের পার্শ্ব পুরাতন শেড মেরামত করণ।	৫৯,৫৮৩/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	৬৮,৫৮৬/০৭ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১৫)	সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ (আল্লাহ মসজিদ) এর আভ্যন্তরীণ মেরামত ও রংকরণ কাজ।	১,১১,১৩৪/- টাকা	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	১,১৯,৯০৪/২২ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১৬)	বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তরের নিকটবর্তী সৌদী কলোনীস্থ রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ।	১,৫০,০০০/- টাকা	মেসার্স সিফাত এন্টারপ্রাইজ	১,৫৬,৯৪৮/৩৬ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১৭)	রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্ব বেসমেন্টসহ ০৬(ছয়) তলা মার্কেট নির্মাণ কাজ।	১৩,১৯,৯০,১৮২/- টাকা	আর পি কনস্ট্রাকশন	১২,৬৩,৩৪,০৬৮/- টাকা	সালারী বাবদ প্রাপ্য অর্থ দ্বারা

মালোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাবু খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluation Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো।

পাঃ

চলমান পাতা-১৪

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য	ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য
১	২,১৫,৫৩৫/- টাকা		১০	৪,০২,৬০০/- টাকা	
২	১,৪৬,৩৯৯/৭৭ টাকা		১১	২,৬৩,৯৭৮/৫৮ টাকা	
৩	-	পুনঃ দরপত্র আহ্বান করা হোক।	১২	৫,৬৩,৭৬৭/৫৬ টাকা	
৪	৬,২১,৯৫০/- টাকা		১৩	২৫,১১২/- টাকা	
৫	-	পুনঃ দরপত্র আহ্বান করা হোক।	১৪	৬৮,৫৮৬/০৭ টাকা	
৬	-	পুনঃ দরপত্র আহ্বান করা হোক।	১৫	১,১৯,৯০৪/২২ টাকা	
৭	-	পুনঃ দরপত্র আহ্বান করা হোক।	১৬	১,৫৬,৯৪৮/৩৬ টাকা	
৮	২,২৫,৪৭৮/৬৭ টাকা		১৭	১২,৬৩,৩৪,০৬৮/- টাকা	
৯	৯২,২২৪/৬০ টাকা				

ক্রমিক নং- ৪, ৮, ৯ ও ১০ এ বর্ণিত কাজগুলোর দর ঘটনোত্তর অনুমোদন করা হলো এবং ক্রমিক নং-০১, ১১, ১২ ও ১৭ এ বর্ণিত কাজগুলোর দর চূড়ান্ত অনুমোদনের জন্য সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রয়োজনীয় কাগজাদি প্রেরণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর জন্য সিদ্ধান্ত অনুযায়ী কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২১ : টাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ	ঠিকাদারী ফার্মের নাম
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদ রোডের উত্তর-পশ্চিম কোণা যানবাহন চলাচলের সুবিধার্থে প্রশস্তকরণ কাজ।	১০,২৭৬/- টাকা	মেসার্স হাবিব এন্ড সঙ্গ
(২)	মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদ রোড মেরামত ও কাপেটিং কাজ।	৬৯,৫৯৫/- টাকা	মেসার্স গাজী এন্ড ব্রাদার্স
(৩)	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের দক্ষিণ পার্শ্বের নব-নির্মিত ভবনের উপর তৃতীয় তলায় ০৬(ছয়)টি শ্রেণী কক্ষ নির্মাণ।	২,৯৪,০৬১/- টাকা	মেসার্স এ কে কনস্ট্রাকশন

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত ০৬(ছয়)টি মেরামত/প্রকল্প সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান কারছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত ০৩(তিন) টি প্রকল্পের বিরপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ : রিক্সা চলাচল নিয়ন্ত্রণসহ ক্রেতাদের সুবিধার্থে শহীদ বদিউজ্জামান রোডের রিক্সা পার্কিং স্ট্যান্ড হতে রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদ রোড পর্যন্ত সংযোগ রাস্তা নির্মাণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, নকশা অনুযায়ী রিক্সা চলাচলের ব্যবস্থা করা হলে রোডের ট্রাফিক জ্যাম কমবে এবং ক্রেতাদের চলাচলেও সুবিধা হবে। রজনীগন্ধা সুপার মার্কেটের সংশ্লিষ্ট দোকান মালিক/ব্যবসায়ীগণ রাজি থাকলে উক্ত রাস্তা চালু করা যেতে পারে।

সিদ্ধান্ত : ক্রেতা সাধারণের সুবিধার্থে এবং যানজট নিরসনকল্পে প্রস্তাবিত রাস্তা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৫

আলোচ্যসূচী-২৩ : ধামালকোট এলাকায় পানির সমস্যা সমাধানের জন্য এলাকাবাসীর ২৯ অক্টোবর, ২০০৯ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : ধামালকোট এলাকার পানির সমস্যা সমাধানের জন্য উক্ত এলাকার বাসিন্দাগণ গত ২৯ অক্টোবর, ২০০৯ তারিখে অত্র দপ্তরের আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত আবেদন পত্রটিতে ঢাকা-১৭ আসনের মাননীয় সংসদ সদস্য হুসেইন মুহাম্মদ এরশাদ সাহেব সুপারিশ করেছেন। প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনায় জানা যায় যে, বর্তমানে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৩(তিন)টি পানির পাম্প দিয়ে ঢাকা সেনানিবাসের চাহিদা মেটানো সম্ভব হচ্ছে না। তদুপরি সেনানিবাস সংলগ্ন ধামালকোট এলাকায় নতুন সংযোগ দেয়া হলে আসন্ন শুষ্ক মৌসুমে কোন ক্রমেই পানির চাহিদা মেটানো সম্ভব হবে না। এছাড়াও ধামালকোট এলাকা ঢাকা সিটি কর্পোরেশন এর আওতাধীন বিধায় উক্ত এলাকায় ওয়াসার নতুন পানির পাম্প স্থাপন করার বিষয়ে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ধামালকোট এলাকার বাসিন্দাদের চাহিদা মোতাবেক পানির সরবরাহের জন্য ওয়াসা কর্তৃক উক্ত এলাকায় নতুন পানির পাম্প স্থাপনের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীগণকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২৪ : মহাখালী ডিওএইচএস এলাকার বাসা-বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহের নিমিত্তে ০৪(চার)টি কাভার্ড ভ্যান গাড়ী সরবরাহের নিমিত্তে ৮০,০০০/- (আশি হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকার বাড়ীসমূহ হতে ময়লা আবর্জনা সংগ্রহের জন্য ০৪ (চার) টি কাভার্ড ভ্যান গাড়ী সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ৩০ নভেম্বর, ২০০৯ ইং তারিখে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আমিন ব্রাদার্স, সিবি ২০৯ কচুক্ষেত পুরান বাজার, ঢাকা কর্তৃক প্রাপ্ত কাভার্ড ভ্যান গাড়ী ২০,০০০/- (বিশ হাজার) টাকা হিসাবে ৮০,০০০/- (আশি হাজার) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়।

সিদ্ধান্ত : ০৪ (চার) টি কাভার্ড ভ্যান গাড়ী সরবরাহের নিমিত্তে মেসার্স আমিন ব্রাদার্স কর্তৃক ৮০,০০০/- (আশি হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। মহাখালী ডিওএইচএস এলাকার অননুমোদিত নির্মাণের জন্য ক্ষতিপূরণ বাবদ জমাকৃত অর্থ হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ : বনানী ডিওএইচএস এলাকার বাসা-বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহের নিমিত্তে ০৪(চার)টি কাভার্ড ভ্যান গাড়ী সরবরাহের নিমিত্তে ৮০,০০০/- (আশি হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এলাকার বাসা বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহের জন্য ০৪ (চার) টি কাভার্ড ভ্যান গাড়ী সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ০৬ ডিসেম্বর, ২০০৯ ইং তারিখে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আমিন ব্রাদার্স, সিবি ২০৯ কচুক্ষেত পুরান বাজার, ঢাকা কর্তৃক প্রাপ্ত কাভার্ড ভ্যান গাড়ী ২০,০০০/- (বিশ হাজার) টাকা হিসাবে ৮০,০০০/- (আশি হাজার) টাকার সর্বনিম্ন দর দাখিল করেন। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের জন্য আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : ০৪ (চার) টি কাভার্ড ভ্যান গাড়ী সরবরাহের নিমিত্তে মেসার্স আমিন ব্রাদার্স কর্তৃক ৮০,০০০/- (আশি হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। বনানী ডিওএইচএস এলাকার অননুমোদিত নির্মাণের জন্য ক্ষতিপূরণ বাবদ জমাকৃত অর্থ হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৬ : ঢাকা, মিরপুর ও পোস্তগোলা সেনানিবাসের বিভিন্ন ইউনিটের চাহিদার অনুযায়ী ৬'-০" X ৫'-০" X ৪'-০" সাইজের ১৮টি ডাস্টবিন তৈরী প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা, মিরপুর ও পোস্তগোলা সেনানিবাসের বিভিন্ন ইউনিটের চাহিদার প্রেক্ষিতে ৬'-০" X ৫'-০" X ৪'-০" সাইজের ১৮ (আঠার)টি ডাস্টবিন তৈরীর নিমিত্তে এমইএ সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক ২,২৭,৯৭৭/- (দুই লক্ষ সাতাশ হাজার নয়শত সাতাত্তর) টাকা মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে উক্ত ডাস্টবিনগুলো নির্মাণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে চাহিদাকৃত ১৮(আঠার)টি ডাস্টবিন নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৪য়
আলোচ্যসূচী-২৭ : অনন্যা শপিং কমপ্লেক্স এর হোল্ডিং ট্যাক্স প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ডিওএইচএস বারিধারা এলাকায় সেনা কল্যাণ সংস্থা কর্তৃক অনন্যা শপিং কমপ্লেক্স নামে একটি কমার্শিয়াল কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনের হোল্ডিং ট্যাক্স নির্ধারণের নিমিত্তে নির্ধারিত ছকে তথ্য চাওয়া হলে তাঁদের প্রদত্ত তথ্য মোতাবেক ভবনের মোট আয়তন ৬২,২৭৭ বর্গফুটের জন্য প্রতি বর্গফুট ১২/- টাকা হারে ৬,০৫,০০০/- (ছয় লক্ষ পাঁচ হাজার) টাকা হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করা হয়। উক্ত হোল্ডিং ট্যাক্স হতে অব্যাহতি প্রদানের জন্য সেনা কল্যাণ সংস্থা ১৫ ডিসেম্বর, ২০০৯ তারিখের এসকেএস/২৯-এফ/আরইডি/১৬৭২/৫৫০২ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানান। এ বিষয়ে আলোচনাক্রমে সভায় মত প্রকাশ করা হয় যে, সেনাকল্যাণ সংস্থা কর্তৃক যেহেতু উক্ত ভবনটি বাণিজ্যিক ভিত্তিতে ভাড়া দেয়া হয়েছে এবং কোন দোকান/স্পেস খালি নেই সেহেতু ক্যান্টনমেন্ট বোর্ডের হোল্ডিং ট্যাক্স পরিশোধ না করা অযৌক্তিক।

সিদ্ধান্ত : প্রতি বর্গফুট ৮/- (আট) টাকা হারে হোল্ডিং ট্যাক্স ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত ট্যাক্স ২০০৯-২০১০ আর্থিক সাল হতে পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-২৮ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের ছাদের উপর স্থাপিত বিলবোর্ড এর মেয়াদ নবায়ন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের ছাদের উপর প্রো-এ্যাঙ্ক এ্যাভারটাইজিং এন্ড কমিউনিকেশন লিমিটেড কর্তৃক স্থাপিত ৩০'x১০' সাইজের ০২ টি বিলবোর্ড এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে হয়ে যাওয়ার গত ১৩ মার্চ ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় আলোচ্যসূচী ২৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে বাৎসরিক প্রতি বর্গফুট ২০০/- টাকা হারে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিলবোর্ডের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে যাবে। এ প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বিলবোর্ডের মেয়াদ নবায়নের জন্য গত ২১ ডিসেম্বর, ২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করা হয়েছে।

সিদ্ধান্ত : বাৎসরিক প্রতি বর্গফুট ৪৭১/- (চারশত একাত্তর) টাকা হারে পরিশোধ সাপেক্ষে রজনীগন্ধা সুপার মার্কেট জনতা ব্যাংক ভবনের ছাদের উপর স্থাপিত বিলবোর্ডের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১০ পর্যন্ত ০১(এক) বছরে জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ : ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় মসজিদ (আব্বাস মসজিদ) এর পিছনে পুকুর ইজারা প্রসঙ্গে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট কেন্দ্রীয় মসজিদের পিছনের পুকুরটি ০১ জানুয়ারি, ২০০৭ তারিখ হতে ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ১,৬০,৫০০/- টাকায় জনাব আব্বাস উদ্দিন আহমেদ কে ইজারা প্রদান করা হয়েছিল। উক্ত পুকুরটি পুনরায় ইজারা প্রদানের নিমিত্তে ২২ নভেম্বর, ২০০৯ তারিখে দরপত্র আহ্বান করে দৈনিক প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হলেও নির্ধারিত তারিখে কোন দরপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্ত : পুনঃ দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ : রজনীগন্ধা সুপার মার্কেটের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ট্রাস্ট সিকিউরিটি এন্ড লজিস্টিকস কোম্পানীর সংগে চুক্তিপত্র বাতিল প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ০১ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখ হতে ৩১ জানুয়ারি, ২০১০ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য রজনীগন্ধা সুপার মার্কেটে নিরাপত্তা প্রদানের জন্য ট্রাস্ট সিকিউরিটি এন্ড লজিস্টিকস কোম্পানী, প্রযুক্তি : ৭০৩ মিডিয়াম ওয়ার্কসপ ইএমই, ঢাকা সেনানিবাস এর সাথে মাসিক ৯৫,৫০০/- টাকায় চুক্তিপত্র সম্পাদন করা হয়। ইতোমধ্যেই রজনীগন্ধা সুপার মার্কেটের এডহক কমিটির আহ্বায়ক উক্ত চুক্তিপত্র বাতিল করে এডহক কমিটির মাধ্যমে বাজারের নিরাপত্তা গার্ড পরিচালনার জন্য ২২ ডিসেম্বর, ২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের নিরাপত্তায় নিয়োজিত ট্রাস্ট সিকিউরিটি এন্ড লজিস্টিকস কোম্পানীর মেয়াদান্তে আর চুক্তি নবায়ন না করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং রজনীগন্ধা সুপার মার্কেটের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত গার্ডদের অধিকতর জবাবদিহিতার জন্য এডহক কমিটির অধীনে নতুনভাবে নিরাপত্তা প্রহরী/গার্ড নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩১ : এস ডি প্রপার্টিজ এন্ড ডেভেলোপমেন্ট কোম্পানী কর্তৃক বাড়ী নির্মাণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনা এবং রেকর্ড দৃষ্টে দেখা যায় যে, এস ডি প্রপার্টিজ লিমিটেড বারিধারা ডিওএইচএস এলাকায় ২০ টি, মহাখালী ডিওএইচএস এলাকায় ০৩ টি এবং মিরপুর ডিওএইচএস এলাকায় ২৬ টিসহ সর্বমোট ৪৯ টি প্লটে বাড়ী নির্মাণের জন্য প্লট মালিকগণের সাথে বিভিন্ন সময়ে চুক্তিবদ্ধ হয়। নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে বিলম্ব/ব্যর্থ হওয়ায় মিরপুর ডিওএইচএস এলাকার নিম্নোক্ত প্লট মালিকগণ এসডি প্রপার্টিজ লিমিটেড এর বিরুদ্ধে বিভিন্ন সময়ে অত্র দপ্তরে অভিযোগ করেন :-

ক্র নং	বাড়ীর মালিকের নাম	প্লট নং	এলাকা	মন্তব্য
১।	মেজর গোলাম কিবরিয়া চৌধুরী খান	১৯২	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
২।	ক্যান্টন কাজী ইয়াদাউল হক	৩১১	ডিওএইচএস মিরপুর	
৩।	লেঃ কর্ণেল মোঃ আমজাদ হোসেন	৫২৪	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
৪।	গ্রুপ ক্যান্টন কে এম আলী মনির রানা	৬৩৭	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
৫।	লেঃ কর্ণেল (অবঃ) মোঃ ফয়েজুল হক	৬৪০	ডিওএইচএস মিরপুর	
৬।	লেঃ কমান্ডার (অবঃ) এম এস রহমান	৩১৭	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
৭।	ক্যান্টন এম রবিউল হোসেন, বিএন	৩১৫	ডিওএইচএস মিরপুর	
৮।	কর্ণেল এম এ রব মিয়া	৫০৩	ডিওএইচএস মিরপুর	
৯।	মেজর নুরুল হুদা চৌধুরী	৩৩২	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
১০।	ব্রিগেঃ জেনাঃ মোঃ রেজাউল আলম চৌধুরী	৬১৮	ডিওএইচএস মিরপুর	

চলমান পাতা-১৮

ক্র নং	বাড়ীর মালিকের নাম	প্লট নং	এলাকা	মন্তব্য
১১।	মেজর মইনুদ্দিন আহমদ	৬৫২	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
১২।	ক্যাপ্টেন মোবাম্বের এ খন্দকার	৬৫৪	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
১৩।	লেঃ কর্ণেল তপন মিত্র চৌধুরী কমান্ডার মোঃ আজিজুল হক, বিএন	৬৩২/৬৩৪ যৌথ প্লট	ডিওএইচএস মিরপুর	
১৪।	কর্ণেল আঃ হাই	৬৩৯	ডিওএইচএস মিরপুর	
১৫।	মেজর জেনাঃ এম এম হোসেন (অবঃ)	২৭৮	ডিওএইচএস মহাখালী	
১৬।	কমান্ডার (অবঃ) মুহাম্মদ আব্দুল হাই ভূইয়া	৬৪৩	ডিওএইচএস মিরপুর	আপোষ মীমাংসা
১৭।	মেজর আবু বকর সিদ্দিক	৩৩৪	ডিওএইচএস মিরপুর	

উক্ত অভিযোগের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৫/৫/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/৯৫ নং পত্র, ০২/৬/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/৯৭ নং পত্র, ০১/৭/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/১০২ নং পত্র, ১৯/৭/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/১০৮ নং পত্র, ০৩/৮/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/১১৭ নং পত্রে নির্মাণাধীন বাড়ীসমূহের কাজের অগ্রগতি/তথ্যাবলী অত্র দপ্তরে সরবরাহ করার জন্য পত্র প্রেরণ করা হয়। এতদসত্ত্বেও কাজের কোন অগ্রগতি না হওয়ায় বিষয়গুলো নিষ্পত্তি করার জন্য অত্র দপ্তরের ০৩/৮/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/১১৮ নং পত্র, ৩০/৯/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/১৩০ নং পত্র এবং ৭/১০/২০০৯ তারিখের ঢাক্যাবো/এসডিঃপ্রঃলিঃ/১৩২ নং পত্রের মাধ্যমে এসডি প্রপাটিঙ লিমিটেড কর্তৃক বাড়ী নির্মাণ কাজের অগ্রগতি সংক্রান্ত বিষয়ে প্লট মালিকগণ এবং ডেভলোপার এর সহিত বিভিন্ন সময়ে সমন্বয় সভা করা হয়। উক্ত সমন্বয় সভায় উল্লিখিত বাড়ী সমূহের কাজের অগ্রগতি সন্তোষ জনক বলে বিবেচিত হয়নি। সর্বশেষ অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক নির্মাণাধীন বাড়ীসমূহ সরেজমিন পরিদর্শন করে যে তথ্য পাওয়া গিয়েছে তার পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হলো :-

ক্র/ন	প্লট নং	প্লট মালিকের নাম	মুক্তি সম্পাদনের তারিখ	নকশা অনুমোদনের তারিখ	প্রজেক্ট শুরু তারিখ	প্রজেক্ট শেষ করার তারিখ	ক্রস পরিয়ত	বর্তমান কাজের অগ্রগতি
১।	১৯২	মেজর মোঃ গোলাম কিবরিয়া খান	৩১/৭/০৬	২০/৩/০৯	২০/৫/০৭	২০/৩/০৯	২৪+৪	২০%
২।	৩১৩	কমান্ডার মোঃ আব্দুল সালাম	২২/৬/০৬	১/২/০৭	১/৪/০৭	১/৬/০৯	২৪+৪	২০%
	৩১৫	ক্যাপ্টেন রবিউল হাসান						
৩।	৩১০	কমান্ডার আবুল খায়ের	১৬/৯/০৭	২৯/১/০৮	২৯/৩/০৮	২৯/৭/১০	২৪+২	৩৫%
৪।	১৫৮	মেজর মোঃ মীর কাসেম মিয়া (অবঃ)	৮/৯/০৬	৩০/৪/০৭	৩০/৬/০৭	৩০/১০/০৯	২৬+৪	৩%
	১৫৯	মেজর মোঃ শফিকুল আলম ভূইয়া(অবঃ)	১২/৯/০৬					
	১৯৮	মেজর মোঃ হাবীবুর রহমান	৮/৬/০৯					
	২০০	মেজর মোঃ আব্দুল আজিজ	৮/৯/০৬					
৫।	৪১২	কর্ণেল মোঃ আনিসুর রহমান	৩০/১০/০৬	২০/৩/০৭	২০/৬/০৭	২০/৯/০৯	২০+৪+৬	৩%
	৪১৪	ব্রিগেঃ জেনাঃ মির্জা তোজাম্মেল হোসেন বেগ	৩১/১০/০৬					
৬।	৩২২	ক্যাপ্টেন মোঃ জিয়াউল আহসান শেখ	৫/৪/০৭	২৮/১১/০৭	২৮/২/০৮	২৮/১/১০	২৪+২	২%
৭।	১০৯১	রেঃ কর্ণেল মোঃ ফজলুল হক	---	২৯/১/০৮	২৯/৩/০৮	বাধী	২৪+২	০%
৮।	৫৯৪	মেজর মোঃ শামসুল হক	---	২৯/৫/১০	২৯/৩/১০	২৯/৮/০৮	২৪+২	৩%
৯।	৬৩৭	এপ ক্যাঃ কে মোঃ আলী মুনির রানা	১/৯/০৬	২০/৩/০৭	২০/৬/০৯	২০/১১/০৯	২৪+৪	৩%
	৬৩৯	কর্ণেল আব্দুল হাই	১/৯/০৬					
	৬৪০	লেঃ কর্ণেল মোঃ ফাইজুল হক (অবঃ)	১/৯/০৬					
১০।	৩৩২	মেজর নুরুল হুদা চৌধুরী	২২/১০/০৬	১৮/৩/০৭	১৮/৫/০৭	১৮/৩/০৯	২০+৪	২%
	৩৩৪	নুরুল্লাহর বেগম	---					
১১।	৫২৪	লেঃ কর্ণেল মোঃ আমজাদ হোসেন	১৩/২/০৭	৫/৮/০৭	৫/১১/০৭	৫/১০/০৯	২৪+২	২%
১২।	৩১৮	কমান্ডার শাহাদাত হোসেন	৫/৭/০৪	১২/১২/০৭	১২/২/০৮	১২/২/১০	২৪+৪	২%
১৩।	৬১৮	ব্রিগেঃ জেনাঃ মোঃ রেজাউল আলম চৌধুরী	২৫/৬/০৭	২৮/১/০৮	২৮/৩/০৮	২৮/৩/১০	২৪+৪	২%
১৪।	৬৮৬	ক্যাপ্টেন মোঃ খুরশিদ আলম	১৮/৯/০৭	২৯/৭/০৮	২৮/৯/০৮	২৯/৭/১০	৩০	২৫%
১৫।	৬৫২	মেজর মাইন উদ্দিন আহমেদ	৬/২/০৮	৭/৭/০৮	৭/৯/০৮	৭/১/১১	২৪+৬	২৫%
	৬৫৪	ক্যাপ্টেন মোবাম্বের আলী খন্দকার	৬/২/০৮					
১৬।	৩৫৯	কমান্ডার মোঃ মনিরুল হক	৬/৮/০৭	১৩/৮/০৮	১৩/১১/০৮	১৩/১২/১০	২৪+৪	২৫%
১৭।	৬৭০	কর্ণেল খাদিমুল ইনছান মোঃ ইকবাল	১/৯/০৭	৯/৬/০৮	৯/৮/০৮	৯/১২/১০	৩০	২৫%
১৮।	৫১৪	মোঃ লেঃ কর্ণেল সামসুল আজম	৮/৯/০৭	১৩/৮/০৮	১৩/১১/০৮	১৩/৬/১১	৩০	১৫%
	৫১৫	এয়ার কমান্ডার আবু ইসরার	১৪/৮/০৭					
	৫১৬	ব্রিগেঃ জেনাঃ মোস্তাফা কামাল	৩০/৭/০৭					
	৫১৭	এপ ক্যাঃ নাজমুল হক	৫/৯/০৭					

চলমান পাতা-১৯

ক্র/ন	প্লট নং	প্লট মালিকের নাম	হুকি সম্পাদনের তারিখ	নকশা অনুমোদনের তারিখ	প্রজেক্ট শুরু তারিখ	প্রজেক্ট শেষ করার তারিখ	গ্রেন্স পরিমাপ	বর্তমান কাজের অগ্রগতি
১৯।	২০২	মেজর দীলিপ কুমার অধিকারী (অবঃ)	৪/৯/০৬	২৮/১০/০৮			২৬+৪	৪০%
২০।	৬৩২	লেঃ কর্ণেল তপন মিত্র চৌধুরী	৩০/৪/০৭	১১/৬/০৮			২৪+২	
		কমান্ডার মোঃ আজীজুল ইসলাম	৩০/৪/০৭					
২১।	৬৪৩	কমান্ডার এম এ হাই জুইয়া	২৭/০১/০৮	১/৬/০৮	১/৫/০৯	১/১২/১০	২৬+৪	২৫%
	৬৪১	ব্রিগেঃ জেনারেল আবু সোহেল	১৮/৮/০৭					
২২।	৩১৭	লেঃ কমান্ডার এমএম রহমান	২৪/৬/০৭	৫/৬/০৮	১/৫/০৯	৫/১২/১০	২৪+২	০%
২৩।	৭৫১	কর্ণেল মোঃ জাহিরুল ইসলাম	১৫/৮/০৭				২৮+৪	০%
২৪।	৩১১	ক্যাপ্টন কাজী ইমদাদুল হক	০১/১০/০৭	১/৬/০৮	৩১/৫/০৯	১/৮/১০	২৬	২৫%
২৫।	৭৩৫	ব্রিগেঃ জেনারেল বজলে কাদের	২৫/৯/০৭	-	৩১/৫/০৯	-	২৪+৪	০%
২৬।	৭৩৩	ব্রিগেঃ জেনারেল আব্দুর রহমান সিদ্দিক	৫/৪/০৮	-	৩১/৫/০৯	-	৩০+৩	০%

সিদ্ধান্ত : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির পরবর্তী সভায় বিষয়টি উত্থাপনের নিমিত্তে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩২ : মিরপুর ডিওএইচএস এ সেনাকল্যাণ কনস্ট্রাকশন এন্ড ডেভলোপমেন্টস (এসকেসিডি) এর জন্য অস্থায়ী অফিস ও স্টোর হাউজের জায়গা বরাদ্দ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সেনাকল্যাণ কনস্ট্রাকশন এন্ড ডেভলোপমেন্ট (এসকেসিডি) মিরপুর ডিওএইচএস এলাকায় ডেভলোপার হিসেবে বাড়ী নির্মাণের জন্য শীঘ্রই কাজ শুরু করতে যাচ্ছে। সে প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের অস্থায়ী সাইট অফিস ও স্টোর হাউজ স্থাপনের জন্য স্থান/জায়গা বরাদ্দের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে গত ১৫/১২/২০০৯ তারিখে একটি আবেদন করেছে। এ প্রসংগে বিস্তারিত আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস বর্তমানে অফিস/স্টোর করার জন্য বরাদ্দ করার মত কোন খালি জায়গা নেই।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এলাকায় বর্তমানে বরাদ্দ করার মত কোন খালি জায়গা না থাকায় সেনাকল্যাণ কনস্ট্রাকশন এন্ড ডেভলোপমেন্ট (এসকেসিডি) এর আবেদনটি বিবেচনা করা গেল না। বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৩৩ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ডিজিএফআই সংলগ্ন ৩০(ত্রিশ)টি দোকানের খালি ভবন নিলামে বিক্রয় প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ডিজিএফআই এর ১৪ তলা ভবন সংলগ্ন ৩০(ত্রিশ) টি দোকান নিরাপত্তার সার্থে জরুরী ভিত্তিতে অপসারণের জন্য ডিজিএফআই এর ০২/১২/২০০৯ তারিখের ১০১/৩৯/কমপ্রেক্স/কিউ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হলে উক্ত দোকানগুলি ভেঙ্গে অপসারণের জন্য দৈনিক সংবাদ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হলে যে সকল দরপত্র পাওয়া যায় তা উক্ত ভবনসমূহের এমআরপি তুলনায় কম হওয়ায় আগামী ০৪/০১/২০১০ তারিখে পুনঃদরপত্র আহ্বান করা হয়েছে।

সিদ্ধান্ত : আহ্বানকৃত পুনঃদরপত্রের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-২০

আলোচ্যসূচী-৩৪ : ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকায় ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো এর সেন্ট্রাল এসির এয়ার হ্যাভলিং ইউনিট স্থাপনের নকশা অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকায় অবস্থিত ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো এর অভ্যন্তরে ১৮০০ বর্গফুট স্থানে জেনারেটর রুম এবং ৩৩১ বর্গফুট স্থানে সেন্ট্রাল এসির এয়ার হ্যাভলিং ইউনিট স্থাপনের নকশা অনুমোদনের জন্য গত ১৪ সেপ্টেম্বর, ২০০৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করা হয়েছে। নকশাটি কারিগরীভাবে সঠিক আছে মর্মে সভাকে জানানো হয়।

সিদ্ধান্ত : বাণিজ্যিক হারে নকশা অনুমোদন ফি আদায় সাপেক্ষে প্রস্তাবিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৫ : ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ওয়ার্ড ও কেবিন এর বিভিন্ন ফার্নিচার/যন্ত্রপাতি ক্রয়/মেরামত প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে মোট ১০ টি কেবিন এবং ৪ টি ওয়ার্ড (২০টি বেড) রয়েছে। উক্ত ওয়ার্ড এবং কেবিন এর মোট ১০(দশ)টি বেড, ৯(নয়)টি সাইড টেবিল, ২২টি চেয়ার, ২৩ টি টুল, ২৭টি বেড সাইড ক্যাবিনেট, ০৩টি ওয়্যার্ডেব, ০১(এক)টি রেফ্রিজারেটর, ০১(এক)টি বেবি কর্ড ক্রয় এবং মশারী স্ট্যান্ডগুলো মেরামত করা প্রয়োজন। বাজার হতে উক্ত মালামাল ক্রয়ের মূল্যানুমান সংগ্রহ করা হয়েছে। উল্লেখিত মালামাল ক্রয়/মেরামত বাবদ ৪,৯৬,১৬০/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার একশত ষাট) টাকা (কম/বেশী) ব্যয় হবে। বিস্তারিত পর্যালোচনান্তে হাসপাতালে রোগীদের অত্যাবশ্যকীয় সেবা প্রদানের নিমিত্তে উক্ত মালামালগুলো জরুরী ভিত্তিতে ক্রয়/মেরামত করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে রোগীদের সুষ্ঠু সেবা প্রদানের নিমিত্তে হাসপাতালের নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে উল্লেখিত মালামালগুলো জরুরী ভিত্তিতে ক্রয়/মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৬ : ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত স্কুল/কলেজসমূহে অধ্যয়নরত এমইএস এর কর্মকর্তা/কর্মচারীদের ছেলে-মেয়েদের ভর্তির সুযোগ এবং বেতন বৈষম্য দূরীকরণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, স্টেশন সদর দপ্তরের ১৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের ৬১৯/৫/এ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত অধ্যয়নরত এমইএস এর কর্মকর্তা/কর্মচারীদের ছেলে-মেয়েদের ভর্তির সুযোগ এবং বেতন বৈষম্য দূরীকরণের জন্য অনুরোধ জানানো হয়। বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহে এমইএস এ চাকুরীরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের বেতন-ভাতা বেসামরিক অর্থাৎ শিশু শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত মাসিক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে আদায় করা হয়। এখানে উল্লেখ্য যে, সামরিক ব্যক্তিবর্গের সন্তানদের মাসিক বেতন সকল শ্রেণীর ক্ষেত্রে ৪৫/- (পয়তাল্লিশ) টাকা হারে আদায় করা হলেও শিশু শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত মাসিক ৫৫/- (পঞ্চাশ) টাকা এবং ৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত মাসিক ৮০/- (আশি) টাকা হারে ভর্ত্তি আদায় করা হয়। এছাড়াও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের নিকট হতে শিশু শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত মাসিক ১০০/- (একশত) টাকা এবং ৬ষ্ঠ শ্রেণী হতে ১০ শ্রেণী পর্যন্ত মাসিক ১২৫/- (একশত পঁচিশ) টাকা হারে বেতন আদায় করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত স্কুল/কলেজসমূহে বেতন আদায়ের নীতিমালাসহ প্রস্তাবটি আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

৩৭ বিবিধ (১) : রজনীগন্ধা সুপার মার্কেটের পার্কিং স্পেস ইজারা প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং স্পেস হতে মাঝে মাঝে গাড়ীর বিভিন্ন পার্টস এমকি গাড়ী চুরির ঘটনাও ঘটেছে। মার্কেটে আগত ক্রেতাদের গাড়ীর সুশৃঙ্খলভাবে পার্কিং করাসহ গাড়ীর নিরাপত্তা প্রদানের বিষয়টিও জরুরী বলে সভায় মত প্রকাশ করা হয়। তাই কার পার্কিং স্থানটি ইজারা প্রদান করা হলে মার্কেটে আগত ক্রেতাগণের গাড়ীর নিরাপত্তা যেমন নিশ্চিত হবে তেমনি যত্রতত্র পার্কিংও বন্ধ হবে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন কার পার্কিং স্পেসটি ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে কার পার্কিং এর টোলের হার ও নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ড এর পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৭ বিবিধ (২) : ঢাকা সেনানিবাসে মহাখালী সামরিক অফিসার আবাসিক প্রকল্পে সিএসডি ভবনের উত্তর পার্শ্বের খালি জমিতে শপিং কমপ্লেক্স নির্মাণের নিমিত্তে প্রাপ্ত EOI প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ০৪(চার)টি ফার্ম কর্তৃক Technical Offer প্রদান করা হয়। অতঃপর Financial Offer এর জন্য ডাকা হলে ইউনিক কনসালটিং সার্ভিসেস কর্তৃক সয়েল টেষ্টসহ আর্কিটেকচারাল, স্ট্রাকচারাল, মূল্যানুমান প্রস্তুতসহ টপসুপারভিশন ও অন্যান্য আনুষঙ্গিক কাজের জন্য মূল্যানুমানের উপর ২% সর্বনিম্ন দর প্রদান করা হয়।

সিদ্ধান্ত : ইউনিক কনসালটিং সার্ভিসেস কর্তৃক প্রদত্ত মূল্যানুমানের উপর ২% দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৭ বিবিধ (৩) : মিরপুর ডিওএইচএস এলাকায় তৃতীয় ধাপের ৬.২৫ কাঠার প্লটের পরিবর্তে সকল প্লটকে ৪.০০ কাঠায় রূপান্তর করে নতুন নকশা তৈরীর বিষয়ে টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট এর ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের পত্র প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনাসদর, কিউএমজি শাখা, এমএভকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ ডিসেম্বর, ২০০৯ তারিখের ৩৯১৭/১০/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্র এবং সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৮তম সভার আলোচ্যসূচী-৯ এর সিদ্ধান্তের আলোকে নতুন নকশা তৈরীর জন্য টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট-কে অনুরোধ জানানো হলে তাঁদের ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের পত্রের মাধ্যমে নতুন করে নকশা তৈরীর জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার চেক প্রদানের জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এলাকায় তৃতীয় ধাপের ৬.২৫ কাঠার প্লটের পরিবর্তে সকল প্লটকে ৪.০০ কাঠায় রূপান্তর করে নতুন নকশা তৈরীর জন্য টেকনো বিল্ডার্স এন্ড কনসালটেন্ট-কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৭ বিবিধ (৪) : মহাখালী ডিওএইচএস এলাকার রাস্তা মেরামতের জন্য ১০(দশ)টি কাজের দর মূল্যায়নের বিষয়ে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের ২২ ডিসেম্বর, ২০০৯ তারিখের ৬০০০/ক্যান্ট বোর্ড/২০/ই-৬ নং পত্র এবং Tender Evaluation Committee এর মূল্যায়ন প্রসংগে।

আলোচনা : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ১২ নভেম্বর, ২০০৯ তারিখে ৬৫ নং গেজেট নোটিফিকেশন এবং সিএমইএস (আর্মি) এর সংশ্লিষ্ট পত্রের আলোকে পুনঃ দরপত্র আহ্বান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সরকারী নিয়ম-নীতির আলোকে পুনঃ দরপত্র আহ্বান করা হোক।

৩৭ বিবিধ (৫) : আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের মেইন গেইট এবং ফুট ওভার ব্রিজের মধ্যবর্তী স্থান পাকা করার বিষয়ে স্কুল পরিচালনা পর্ষদের ২২ ডিসেম্বর, ২০০৯ তারিখের ২৮/এসপিএস নং পত্র প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের মেইন গেইট এবং ফুট ওভার ব্রিজের মধ্যবর্তী স্থানে ইটের সলিং উঠে গিয়ে এবড়ো খেবড়ো হয়ে আছে। উক্ত স্থানটি পাকা করার জন্য আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল পরিচালনা পর্ষদের ২২ ডিসেম্বর, ২০০৯ তারিখের ২৮/এসপিএস নং পত্রের মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত : মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৭ বিবিধ (৬) : কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২০৭ নং প্লটে ০৬(ছয়) তলা আবাসিক ভবন নির্মাণের নকশা অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ৩০ আগস্ট, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৯ এর মাধ্যমে কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি- ২০৭ নং প্লটে নকশা অনুমোদন ও ২০৮/৬ নং প্লটের অননুমোদিত নির্মাণ সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

- (ক) সিবি-২০৮/৬ নং প্লটের অননুমোদিত নির্মাণ অপসারণ করার জন্য একবাধিকবার নোটিশ প্রদান করা সত্ত্বেও তা অপসারণ না করায় অননুমোদিত নকশা বাতিল করণ;
- (খ) সরকারী কর্মচারীদের হুমকী প্রদানকারীদের বিরুদ্ধে ফৌজদারী ব্যবস্থা গ্রহণ;
- (গ) আপত্তিসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সিবি-২০৭ নং প্লটের নকশা অনুমোদন না করণ।

বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, সিবি-২০৭ এবং সিবি-২০৮/৬ নং প্লটের মালিকপক্ষদ্বয় তাঁদের মধ্যে বিবদমান বিষয়গুলো নিষ্পত্তি করে গত ২৯ ডিসেম্বর, ২০০৯ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে পৃথকভাবে আপোষনামা পেশ করেন এবং বিষয়টি নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানান। সে মোতাবেক সিবি-২০৭ নং প্লটের আবাসিক ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাটি কারিগরীভাবে সঠিক থাকলে তা অনুমোদন করা যেতে পারে এবং একই সাথে ২০৮/৬ নং প্লটের অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে নকশা বাতিলের সিদ্ধান্তটি প্রত্যাহার করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২০৭ নং প্লটে ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং একই সাথে ২০৮/৬ নং প্লটের উপর ১৯ আগস্ট, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৯ এর মাধ্যমে নকশা বাতিলের সিদ্ধান্ত এতদ্বারা প্রত্যাহার করা হলো। তবে ২০৮/৬ নং প্লটের উপর নির্মিত বাড়ীতে অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ করতে হবে।

৩৭ বিবিধ (৭) : বনানী, মহাখালী, বারিধারা ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও সেনানিবাস ঘোষিত এলাকায় রাস্তার ক্ষতিপূরণের ৫০% অতিরিক্ত অর্থ ব্যতীত মূল ক্ষতিপূরণ জমা দেয়ার সময়সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, এ ব্যাপারে অনেক প্লট বরাদ্দলাভকারী কর্তৃকর্তা সময় বৃদ্ধি করার জন্য মৌখিক ও লিখিতভাবে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : ৩১ মার্চ, ২০১০ পর্যন্ত ৫০% অতিরিক্ত অর্থ ব্যতীত মূল ক্ষতিপূরণ জমা দেয়ার সময়সীমা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৭ বিবিধ (৮) : রজনীগন্ধা সুপার মার্কেটের ডি/৮-১-১ নং দোকানের ইজারার মেয়াদ বর্ধিতকরণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা জনাব মনছুর আলীকে রজনীগন্ধা সুপার মার্কেটে ডি/৮-১ নং দোকানের পার্শ্বে ২০' - ০" X ৯ - ০" জায়গা দোকান করার জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ১৩ জানুয়ারি, ১৯৯৯ তারিখে ০১(এক) বছরের জন্য বরাদ্দ প্রদান করা হয়। যার নম্বর প্রদান করা হয় ডি/৮-১-১। উক্ত দোকানের মেয়াদপূর্তির প্রেক্ষিতে বছর ভিত্তিক যথারীতি পুনঃবরাদ্দ প্রদান করা হয়ে আসছিল। সে মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে উক্ত অস্থায়ী দোকানের মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে বিধায় জনাব মনছুর আলী ২৯ ডিসেম্বর, ২০০৯ তারিখে পুনঃ বরাদ্দের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। বিস্তারিত পর্যালোচনায় উক্ত অস্থায়ী দোকানটি মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী এক বছরের জন্য পুনঃ বরাদ্দ প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের ডি/৮-১-১ নং দোকানের মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে অর্থাৎ ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য (০১/০১/২০১০ হতে ৩১/১২/২০১০ পর্যন্ত) প্রচলিত ভাড়া পরিশোধ সাপেক্ষে পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৭ বিবিধ (৯) : রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন পয়েন্টে কয়েকটি খালি জায়গায় নিজ খরচে দোকান করার নিমিত্তে বরাদ্দ প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন জায়গায় কম/বেশী ২০ (বিশ)টি পয়েন্ট অব্যবহৃত/পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে। উক্ত স্থানসমূহে লোকজন ময়লা-আবর্জনা ফেলে বাজারের পরিবেশ নোংরা ও দূষিত করছে। বিষয়টি মাননীয় স্টেশন কমান্ডার মহোদয় সরেজমিন পরিদর্শন করে অসন্তোষ প্রকাশ করেছেন এবং স্থানগুলোকে দোকানে রূপান্তর করে বরাদ্দ প্রদান করতঃ বোর্ডের আয় বৃদ্ধির পরামর্শ প্রদান করেছেন। এ বিষয়ে বোর্ডসভায়ও একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের বর্ণিত অব্যবহৃত/পরিত্যক্ত স্থানগুলোর নকশা প্রস্তুত করে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩৭ বিবিধ (১০) : বনানী ডিওএইচএস এর উত্তর পার্শ্বে গল্ফ দেয়াল বরাবর স্থাপিত আরসিসি পাইপ ড্রেনের পশ্চিমাংশে গল্ফ ক্লাবের বৃষ্টির পানি অপসারণের জন্য সংযোগ প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উক্ত স্থানে বর্তমানে ২টি ৪ - ০" ব্যাসের আরসিসি পাইপ ড্রেন স্থাপন করা হয়েছে। গল্ফ ক্লাবের বৃষ্টির পানি অপসারণের নিমিত্তে সংযোগের জন্য Provision রাখা উচিত। এ ব্যাপারে গল্ফ ক্লাব কর্তৃপক্ষ রাজি থাকলে তাদের অংশে পাইপ বসানো যেতে পারে।

সিদ্ধান্ত : এ ব্যাপারে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো :-

- | | | | |
|-----|---|----|----------|
| (১) | ১ X অফিসার (মেজর পদবীর)
স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস কর্তৃক নিযুক্ত। | -- | আহ্বায়ক |
| (২) | ১ X সদস্য
কুর্মিটোলা গল্ফ ক্লাব, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | নির্বাহী প্রকৌশলী
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | ১ X সদস্য
এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | ১ X সদস্য
বনানী ডিওএইচএস পরিষদ। | -- | সদস্য |

উক্ত কমিটি সংশ্লিষ্ট কাজের মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করবে।

চলমান পাতা-২৪

৩৭ বিবিধ (১১)ঃ সদর মহাখালী এলাকায় সিএস-৬২, ৬২ এবং ৬৮ (অংশ) দাগের ০.৩৭ একর জমি সেনাকল্যাণ সংস্থাকে লীজ প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সদর মহাখালী এলাকার সিএস-৬২, ৬২ এবং ৬৮ (অংশ) দাগে 'সি' শ্রেণীভুক্ত ০.৩৭ একর জমি বরাদ্দ প্রদানের জন্য সেনাকল্যাণ সংস্থা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে বিষয়টি গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী- ১৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৭ মে, ২০০৯ তারিখের ঢাক্যাবো/এলএ/১০/৩৪ নং পত্রের মাধ্যমে সরকারের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনান্তে দেখা যায় যে, ১৯২৪ সনের ক্যান্টনমেন্টস এ্যাক্ট এবং ১৯৩৭ সালের সিএলএ রুলস এর বিধান মোতাবেক 'সি' শ্রেণীর জমি বরাদ্দ/লীজ প্রদানের ক্ষেত্রে সরাসরি নিলাম ব্যতীত অন্য কোন পদ্ধতির কথা উল্লেখ নেই বিধায় গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত বাতিল করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সদর মহাখালী এলাকার সিএস-৬২, ৬২ এবং ৬৮ (অংশ) দাগের ০.৩৭ একর জমি ইজারা প্রদান সংক্রান্ত গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্তটি এতদ্বারা বাতিল করা হলো। বিষয়টি সেনাকল্যাণ সংস্থাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

৩৭ বিবিধ (১২)ঃ বনানী ডিওএইচএস এলাকার বিভিন্ন সমস্যা প্রসংগে।

(১) বনানী ডিওএইচএস এলাকার স্টর্ম স্যুয়ার ড্রেন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় বনানী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী জানান যে, বনানী ডিওএইচএস এর অধিকাংশ ড্রেন ময়লা/রাবিশ পড়ে বন্ধ হয়ে গিয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত ড্রেনগুলো পরিষ্কার করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সরেজমিন পরিদর্শন করে ড্রেন পরিষ্কারের একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব ও মূল্যানুমান আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) বনানী ডিওএইচএস এর জামে মসজিদের কমিটি প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এলাকায় বিদ্যমান মসজিদটি প্রতিরক্ষা বিভাগীয় জমিতে অবস্থিত। উক্ত মসজিদে কোন নির্বাচিত কমিটি না থাকায় সুষ্ঠুভাবে মসজিদ পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রায়শই জটিলতা সৃষ্টি হচ্ছে মর্মে বনানী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত : বনানী ডিওএইচএস এলাকার স্থায়ী বাসিন্দা/মুসল্লিদের মধ্য হতে মসজিদ কমিটি নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হলো। আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের মধ্যে মসজিদ কমিটির নির্বাচন সম্পন্ন করে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করার জন্য বনানী ডিওএইচএস পরিষদকে অনুরোধ জানানো হলো।

চলমান পাতা-২৫

৩৭ বিবিধ (১৩): মহাখালী ডিওএইচএস এর বিভিন্ন সমস্যা প্রসংগে।

(১) মহাখালী ডিওএইচএস এর পুকুর ভরাট করে হাইরাজ ভবন নির্মাণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে মহাখালী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী সভাকে জানান যে, মহাখালী ডিওএইচএস এলাকার পুকুরটি ভরাট করে হাইরাজই ভবন নির্মাণের একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনায় মত প্রকাশ করা হয় যে, যেহেতু সরকার কর্তৃক জলাশয় ভরাট করার ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে এবং মহাখালী ডিওএইচএস এলাকায় উক্ত পুকুর ব্যতীত অন্য কোন Water body নেই তাই এ পুকুরটি ভরাট করা সমীচীন হবে না। এতে করে উক্ত এলাকার পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়বে।

সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এর পুকুর যাতে ভরাট করা না হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) এয়ার ফোর্স এবং মহাখালী ডিওএইচএস এর মধ্যবর্তী সীমানা দেয়াল উঁচুকরণ প্রসংগে।

আলোচনা : আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বে এয়ার ফোর্সের সীমানা সংলগ্ন বাউন্ডারী ওয়ালটি নিচু বিধায় প্রায়শই অব্যক্ত লোকজন উক্ত দেয়াল টপকিয়ে যাতায়াত করে থাকে। যা উভয় এলাকার নিরাপত্তার জন্যই হুমকী স্বরূপ।

সিদ্ধান্ত : উক্ত বাউন্ডারী ওয়ালটি উঁচু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এয়ারফোর্স কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

(৩) মহাখালী ডিওএইচএস এলাকার ড্রেন পরিষ্কারকরণ প্রসংগে।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এলাকার ড্রেনগুলো ময়লা জমে বন্ধ হয়ে গিয়েছে। উক্ত ড্রেনগুলো জরুরী ভিত্তিতে পরিষ্কার করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সরেজমিন পরিদর্শন করে ড্রেন পরিষ্কারের একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব ও মূল্যানুমান আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৭ বিবিধ (১৪): মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন সমস্যা প্রসংগে।

(১) মিরপুর ডিওএইচএস এর স্ট্রম স্যুয়ার লাইন স্থাপন কাজ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর স্ট্রম স্যুয়ার স্থাপন কাজের জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। কার্যাদেশে বর্ণিত মানের আরসিসি পাইপের সরবরাহ পর্যাপ্ত না থাকায় যথাসময়ে কাজটি সম্পন্ন করা যায়নি। বর্তমানে আরসিসি পাইপ স্থাপনের কাজ পুরূদমে চলছে। জানুয়ারি, ২০১০ এর মধ্যে পাইপ স্থাপনের কাজ শেষ হবে মর্মে বোর্ডের নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত : নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান সম্পন্ন স্ট্রম স্যুয়ার পাইপ স্থাপন কাজ শেষ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হোক।

(২) মিরপুর ডিওএইচএস এর রাস্তা কার্পেটিংকরণ কাজ।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ও ২য় ধাপের অনেকটাই বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং লোকজন বসবাস করছেন। তাই স্ট্রম স্যুয়ার পাইপ ড্রেন স্থাপন কাজ সম্পন্ন হওয়ার সাথে সাথে উক্ত রাস্তাগুলো কার্পেটিং করা প্রয়োজন বলে মিরপুর ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী সভাকে জানান।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এর ১ম ও ২য় ধাপের রাস্তাগুলো কার্পেটিং কাজের মূল্যানুমান প্রস্তুত করতঃ দরপত্র আহ্বান করার নিমিত্তে জরুরী ভিত্তিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-২৬

-১১ ২৬ ১১-

(৩) মিরপুর ডিওএইচএস এর কমার্শিয়াল কমপ্লেক্স, মসজিদ ও স্কুল নির্মাণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ১ম ও ২য় ধাপে অধিকাংশ প্লটে বাড়ী নির্মাণ কাজ শুরু হয়েছে এবং বেশ কয়েকটি প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে লোকজন বসবাস করছেন। তাই উক্ত এলাকার অধিবাসীদের নাগরিক সুবিধাদি নিশ্চিত করার জন্য প্রস্তাবিত কমার্শিয়াল কমপ্লেক্স, মসজিদ ও স্কুল এর নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে শুরু করার জন্য মিরপুর ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী সভাকে অনুরোধ জানান। কনসালটেন্ট নিয়োগ করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া নকশার উপর সভাপতি, মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত/নির্দেশনা গ্রহণ করা হয়েছে এবং সে মোতাবেক নকশা সংশোধনের কাজ চলছে।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এর প্রস্তাবিত কমার্শিয়াল কমপ্লেক্স, মসজিদ ও স্কুল নির্মাণের নিমিত্তে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাজমুছ সাদাত সেলিম)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল তানভির হাসান মজুমদার)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।